

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৩৩.১৩.৭০৮

তারিখঃ ০৬/১০/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্রঃ টিএসসি/নর/টেগার-৪৪/২০১৬-১৭/৩১৫০, তারিখঃ ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কিছু কিছু আইটেমে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৪৮০০-সরবরাহ ও সেবা উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি বা সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতের অধীনে সম্পদ না চেয়ে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়েছে।
- একই ধরনের মালামাল/যন্ত্রপাতি একাধিক উপধাতের অধীনে ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, একই ধরনের মালামাল/যন্ত্রপাতি একাধিক উপধাতের অধীনে ক্রয়ের জন্য প্রস্তাব না করে, বাজেটে উল্লিখিত উপধাতের অধীনে সংশ্লিষ্ট মালামাল/যন্ত্রপাতিসমূহ, ক্রয়/মেরামতের নিমিত্ত স্পেসিফিকেশনসহ যথাযথভাবে উপধাতওয়ারী মালামাল/যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করতঃ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোনঃ ০২-৯১১১০২৩।

প্রাপকঃ

অধ্যক্ষ
নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ
রায়পুরা, নরসিংদী।

অনুলিপিঃ

✓ ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।